



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

“সমন” কী?

“সমন” হলো “টিকিট” হিসেবে পরিচিত এমন এক ধরনের নথি যা একজন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অবহিত করে থাকে যে তাকে নিউ ইয়র্ক সিটির আইন, নিয়ম অথবা রেগুলেশন অমান্য করার অভিযোগে নিউ ইয়র্ক সিটির একটি অ্যাজেন্সি কর্তৃক আনিত অভিযোগে অভিযুক্ত করা হয়েছে এবং তাদের এটাও অবহিত করে যে তাদেরকে অথবা তাদের একজন প্রতিনিধিকে অবশ্যই অভিযোগের প্রেক্ষিতে নির্দিষ্ট তারিখে OATH এ উপস্থিত হতে হবে। সমনটি আপনার কাছে কোনো ব্যক্তির মাধ্যমে, মেইলের মাধ্যমে অথবা আপনার বাসভবনের দরজায় “পোস্ট” (যেমন ট্যাপ করা) করার মাধ্যমে পৌঁছানো হতে পারে।

আপনার কাছে সমন পৌঁছানোর পদ্ধতিটাই হলো “সার্ভিস।” একটি সমন আপনার কাছে কীভাবে পৌঁছানো হবে সে বিষয়ে বেশ কিছু নিয়ম থাকার কারণেই সার্ভিস গুরুত্বপূর্ণ।

আপনার কাছে সমন পৌঁছানোর পদ্ধতির বিষয়ে আরও তথ্য পেতে অনুগ্রহ করে OATH সহায়তা সেন্টারের প্রতিনিধির সাথে কথা বলুন।

সমনে কোন তথ্য অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে?

1. আইন লঙ্ঘনকারী অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (যদি জানা থাকে)। এই ব্যক্তি বা প্রতিষ্ঠান “বিবাদী” হিসেবে পরিচিত।
2. “অপরিহার্য তথ্য” বিবাদীকে “অবহিত করানোর ক্ষেত্রে যথেষ্ট একটি স্পষ্ট এবং সংক্ষিপ্ত বিবৃতি” যেটি অভিযোগের তারিখ, স্থান এবং সময়সহ লঙ্ঘনের মাত্রা নির্ধারণ করে।
3. বিবাদীর জন্য পর্যাপ্ত তথ্য সমূহে “আইনের ধারা বা ধারাসমূহ, নিয়মের ধারা বা প্রবিধান যা লঙ্ঘিত হয়েছে বলে অভিযোগ করা হয়েছে সেগুলির বিশেষ বিস্তৃতি” থাকতে হবে।
4. যদি এটি প্রমাণিত হয় যে তারা দোষী তাহলে তাদেরকে “সর্বোচ্চ শাস্তির” সম্মুখীন হতে হবে সে বিষয়ে বিবাদীর জন্য পর্যাপ্ত তথ্য।
5. বিবাদীকে শুনানির তারিখ, সময় ও স্থান জানানোর বিস্তৃতি। তারিখটি সমন জারির কমপক্ষে পনের (15) ক্যালেন্ডার দিবস পর হওয়া উচিত, তবে বিবাদী তার পূর্বেই শুনানির অনুরোধ জানাতে পারবেন।
6. যদি বিবাদী শুনানিতে অংশগ্রহণে ব্যর্থ হন তাহলে তাদেরকে ডিফন্ট হিসেবে এবং “লঙ্ঘনকারী” হিসেবে বিবেচনা করা হবে সেটির একটি বিস্তৃতি।
7. OATH এর নিয়মানুসারে বিবাদীকে তার অধিকার সম্পর্কে অবহিত করার পর্যাপ্ত তথ্য।

উপরে উল্লিখিত কোনো তথ্য যদি আপনার সমনে না থাকে তাহলে সে বিষয়টি নিয়ে OATH এর শুনানিতে আলোচনা করা আপনার সর্বোচ্চ আগ্রহ হতে পারে।